

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- ৩২.০১.৭০০০.০০১.১১.০০২.২৫-৬২৮

তারিখ: ০১/১২/২০২৫ খ্রি:


“প্রশিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচীর” আওতাধীন উপপরিচালকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর “মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে” ০৩(তিন) মাস মেয়াদী (জানুয়ারী/২০২৬ হতে মার্চ/২০২৬) নিম্নোক্ত ট্রেড সমূহে চাঁপাইনবাবগঞ্জ জেলার প্রকৃত বেকার ও দুঃস্থ মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক মহিলাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	ট্রেডের নাম	মেয়াদ	বয়স-সীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	ডেস মেকিং এন্ড টেইলারিং	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	নূন্যতম ৮ম শ্রেণী
০২	হ্যান্ড এমব্রয়ডারি এন্ড কারচুপি ওয়ার্কস	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	নূন্যতম ৮ম শ্রেণী
০৩	ব্লক-বাটিক এন্ড প্রিন্টিং	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	নূন্যতম ৮ম শ্রেণী
০৪	ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	নূন্যতম ৮ম শ্রেণী
০৫	সার্টিফিকেট ইন বিউটিফিকেশন	০৩(তিন) মাস	১৬-৪৫ বৎসর	নূন্যতম ৮ম শ্রেণী

শর্তবলীঃ

০১. দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ০৮/১২/২০২৫খ্রি:।
০২. অনলাইনে mygov.bd ওয়েবসাইটের মাধ্যম আবেদন সম্পন্ন করে প্রিন্টকৃত আবেদনপত্র অফিস চলাকালীন সময় জমা করতে হবে।
০৩. আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ১ কপি, নাগরিকত্ব সনদ ১ কপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন ১ কপি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ১ কপি করে সংযুক্ত করতে হবে।
০৪. সামাজিক বিপন্নতা সম্পন্ন মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে (বিধবা/ তালাকপ্রাপ্তা/ স্বামী পরিত্যক্তা/ কর্মহীন স্বামীর স্ত্রী/ এতিম প্রার্থীদের সহায়ক প্রমানক সংযুক্ত করতে হবে)।
০৫. মৌখিক পরীক্ষা আগামী ০৯/১২/২০২৫ খ্রি: (সম্ভাব্য) তারিখে বেলা ১২.০০ টায় অত্র কার্যালয়ে গ্রহণ করা হবে। (অনলাইন ও আবেদন ফরমের সাথে সংযুক্ত সকল সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।)
০৬. ভর্তি সংক্রান্ত কাজে অত্র কার্যালয়ের সহিত যোগাযোগ করার জন্য কোন প্রকার যাতায়াত ভাতা দেয়া হবে না।
০৭. যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোসা: সাহিদা আখতার)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), চাঁপাইনবাবগঞ্জ।

বহল প্রচারের জন্য অনুলিপি:

- ০৪। -----চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। নোটিশ বোর্ড -----চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। অফিস নথি।